

স্মারক নং- ০৫.০৪.৬৫৫২.০০০.২০.০০৫.২২.৯৯০

তারিখঃ ২৩ কার্তিক ১৪২৯ বঙ্গাব্দ
০৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ‘ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২’ উপলক্ষ্যে অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধন করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১২ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ তারিখ দেশব্যাপী জাতীয়ভাবে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উদ্‌যাপিত হবে। উক্ত দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক একটি অনলাইন কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। গত ০১ নভেম্বর ২০২২ হতে অনলাইন নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে যা আগামী ২৬ নভেম্বর ২০২২ রাত ১১:৫৯ টা পর্যন্ত অব্যাহত থাকবে। বয়স অনুযায়ী ০৩ টি গ্রুপে (গ্রুপ ক: ৮-১২ বছর, গ্রুপ খ: ১৩-১৮ বছর, গ্রুপ গ: ১৯-তদুর্ধ্ব বছর) সকল বাংলাদেশি নাগরিক অংশগ্রহণ করতে পারবেন। অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধনকৃতগণ গ্রুপ ক: ২৯ নভেম্বর ২০২২, গ্রুপ খ: ০১ ডিসেম্বর ২০২২, গ্রুপ গ: ০২ ডিসেম্বর ২০২২ তারিখ সন্ধ্যা ৭টা থেকে ৮টার মধ্যে যে কোনো সময় অংশগ্রহণ করতে পারবেন। অনলাইন কুইজ নিবন্ধন এবং অংশগ্রহণের বিস্তারিত নিয়মাবলী quiz.digitalbangladesh.gov.bd লিংকে পাওয়া যাবে।

এমতাবস্থায়, আগ্রহী সকলকে অনলাইনে নিবন্ধন পূর্বক নির্দিষ্ট সময়ে কুইজে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২২ উপলক্ষ্যে আয়োজিত অনলাইন কুইজ প্রতিযোগিতায় নিবন্ধনের গাইডলাইন

১। প্রথমে <https://www.quiz.digitalbangladesh.gov.bd/> এই লিংকে প্রবেশ করুন।

২। “নিবন্ধন” বাটনে ক্লিক করুন।

৩। প্রয়োজনীয় সকল তথ্য (নাম, মোবাইল নম্বর, জন্ম তারিখ, পাসওয়ার্ড, ক্যাপচা) পূরণ করে “নিবন্ধন করুন” বাটনে ক্লিক করুন। উল্লেখ্য, জন্ম তারিখ অনুযায়ী সয়ংক্রিয়ভাবে গ্রুপ নির্ধারিত হয়ে যাবে। ০১ টি মোবাইল নম্বর দিয়ে শুধুমাত্র ০১ জন নিবন্ধন করতে পারবেন।

৪। নিবন্ধন সম্পন্ন হলে “ধন্যবাদ” উইন্ডো দেখা যাবে। উইন্ডোটি ক্রস (x) ক্লিক করে বন্ধ করুন।

৫। “প্রোফাইল আপডেট” বাটনে ক্লিক করুন। সকল তথ্য সঠিকভাবে পূরণ করুন। তারকা (*) চিহ্নিত তথ্যসমূহ আবশ্যিকভাবে পূরণ করতে হবে।

৬। “আপডেট করুন” বাটনে ক্লিক করলে প্রোফাইল আপডেট সম্পন্ন হবে।

৭। “কুইজ অনুশীলন” বাটনে ক্লিক করে কুইজের অনুশীলন করা যাবে।

৮। নির্ধারিত তারিখ ও সময়ে লগইন করার পর “কুইজ শুরু করুন” বাটনে ক্লিক করে কুইজ শুরু করতে পারবেন।

৯। পাসওয়ার্ড ভুলে গেলে লগইন পেজে প্রবেশ করে “পুনরুদ্ধার করুন” বাটনে ক্লিক করে সহজেই পাসওয়ার্ড পেয়ে যাবেন।

৯। নিবন্ধন সংক্রান্ত যেকোনো পরামর্শের জন্য জনাব শেখ মোহাম্মদ ফয়সল, সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, লোহাগড়া, নড়াইল (মোবাইল-০১৭৩৩৮০৪৬৩০) এর সাথে যোগাযোগ করতে পারেন।

(মোঃ আজগর আলী)
উপজেলা নির্বাহী অফিসার
লোহাগড়া, নড়াইল।

বিতরণঃ সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লোহাগড়া, নড়াইল।

২। মেয়র, লোহাগড়া পৌরসভা, নড়াইল।

৩। উপজেলা অফিসার, লোহাগড়া, নড়াইল।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল।

(তার আওতাধীন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ৩০ জন শিক্ষার্থীর নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৫। উপজেলা শিক্ষা অফিসার, লোহাগড়া, নড়াইল।

(তার আওতাধীন প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান হতে ন্যূনতম ১০ জন শিক্ষার্থীর নিবন্ধনের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, লোহাগড়া, নড়াইল।

(নিবন্ধনের জন্য প্রয়োজনীয় কারিগরি সহযোগিতা প্রদানের অনুরোধসহ)

৭। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, লোহাগড়া, নড়াইল।

৮। জনাব

৯। অফিস কপি।